# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
## চুয়াডাঙ্গা শাখা ।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইয়ামি মটরস, স্বত্বাধিকারীঃ জনাব কাজী শাজাহান আলী, পিতা: কাজী শওকত আলী, মাতা: বিলকিচ বেগম, ব্যবসায়িক ঠিকানা: মিনা শপিং কমপেক্সক্স, শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা বর্তমান ঠিকানা: বাসা নং ১৭১/২৭৪৬-০০ গ্রাম/রাস্তা ১/জ,পোস্ট অফিস পাড়া, ডাকঘর: চুয়াডাঙ্গা-৭২০০, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা, স্থায়ী ঠিকানা: বাসা নং ১৭১/২৭৪৬-০০ গ্রাম/রাস্তা ১/জ,পোস্ট অফিস পাড়া, ডাকঘর: চুয়াডাঙ্গা -৭২০০, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা কর্তক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, চুয়াডাঙ্গা -শাখা হইতে গহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৭/০১/২০২০ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১৪,৫০,০০০.০০ (চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উলেস্নখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধককৃত সম্পত্তির তফসীল**

জেলাঃ চুয়াডাঙ্গা, উপজেলাঃ চুয়াডাঙ্গা সদর, থানাঃ চুয়াডাঙ্গা, অফিসের নাম/বিবরণঃ সহকারী কমিশনার (ভূমি) চুয়াডাঙ্গা, সাব রেজিষ্ট্রি অফিসঃ চুয়াডাঙ্গা, মৌজাঃ চুয়াডাঙ্গা, জে.এল. নং-৪২ ।

| খতিয়ান নং | দাগ নং | জমির প্রকৃতি | জমির পরিমান | তফসিল সম্পত্তির চৌহদ্দী |
|---|---|---|---|---|
| এস.এ- ১২৩৪.<br>আর.এস-২৬৩০.<br>মিউটেশন- ৪৫৭৭.<br>হোল্ডিং নং ৮৪৬৭. | এস.এ-<br>২৪৪০/২৮২৩.<br>আর.এস-৭৪৭৯. | বাড়ি সহ জমি | ২.৫৬ শতাংশ | উত্তরে-মি. শাহিন<br>দক্ষিণে- মি. বাবু<br>পূর্বে- মি. ছাব্বির আহমেদ<br>পশ্চিমে- রোড |
| মোট ভূমির পরিমান= | | | ২.৫৬ শতাংশ | |

মোট সম্পত্তির পরিমানঃ ২.৫৬ (দুই দশমিক পাঁচ ছয় শতাংশ) ভূমি ও তদস্থিত নির্মিত/নির্মিতব্য সকল

নিলামের শর্তাবলী

(১) আগামী ২১/০৩/২০২১ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চুয়াডাঙ্গা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চুয়াডাঙ্গা - শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্স্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চুয়াডাঙ্গা - শাখা।